

সীমিত

খাতওয়ারী মে ২০১৯ সালের সাফল্য- বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী

১। সর্বমোট অর্জন। বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনী মে ২০১৯ মাসে সর্বমোট ১২০ কোটি ১৩ লক্ষ ৩১ হাজার টাকা মূল্যের অবৈধ মালামাল আটক করে।

২। চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ, বনজ সম্পদ ও পরিবেশ রক্ষা অভিযানে আটককৃত উল্লেখযোগ্য সাফল্য। মে ২০১৯ মাসে চোরাচালান, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ ও বনজ সম্পদ রক্ষা অভিযানে সর্বমোট ৮ কোটি ৮৭ লক্ষ টাকার অবৈধ পণ্য আটক করা হয়। আটককৃত বিভিন্ন দ্রব্যের বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক	আটককৃত মালামাল	পরিমাণ	মূল্য (টাকা)
<b>চোরাচালান পণ্য</b>			
১।	বার্থিং হাউজার	২৯০ মিটার	২,৮০,০০০/০০
২।	অয়্যার রোপ/রোপ	১০০ মিটার	২০,০০০/০০
৩।	ডেজার/ব্লাকহেড	০৪ টি	৪০,০০,০০০/০০
৪।	ডিজেল	৩,৬০০ লিটার	২,৪৪,৮০০/০০
৫।	হাঙ্গার মাছ ও পাংগাস পোনা	৬,৪৭৫ কেজি	১৬,৮২,৫০০/০০
৬।	গরু	০৯ টি	৩,৬০,০০০/০০
৭।	বোটট্রোক	০২ টি	১৯,০০,০০০/০০
<b>মাদকদ্রব্য</b>			
১।	ইয়াবা	১,৪৪,০০৭ পিস	৭,২০,০৩,৫০০/০০
২।	বিভিন্ন ধরনের বিয়ার	২১৮ বোতল/ক্যান	২,১৯,০০০/০০
৩।	গাঁজা	৮০০ গ্রাম	১৬,০০০/০০
<b>বনজ সম্পদ</b>			
১।	বিভিন্ন প্রকার কাঠ	৩১৫ ঘনফুট	৪,১৪,২০০/০০
২।	বোট	০১ টি	৬০,০০০/০০
<b>পরিবেশে রক্ষা</b>			
১।	তক্ষক	০১ টি	৭৫,০০,০০০/০০
২।	হরিণের চামড়া	০২ টি	-
৩।	হরিণের মাথা	০১ টি	-
৪।	হরিণের পা	০২ টি	-
৫।	হরিণ ধরার ফাঁদ	১,৫০০ টি	-
<b>আটককৃত জনবল</b>			
১।	বনদস্যু/ডাকাত/অন্যান্য অবৈধ কাজে জড়িত ব্যক্তি	১৭ জন	-

৩। মৎস্য সম্পদ রক্ষা অভিযান। মৎস্য সম্পদ রক্ষা অভিযানে মে ২০১৯ মাসে সর্বমোট ১১১ কোটি ২৬ লক্ষ ৩১ হাজার টাকার ১,১৯,২৯,০০০ বর্গ মিটার কারেন্ট জাল, ৫৬,৯২,৫০০ বর্গ মিটার অন্যান্য জাল, ৬,৪২০ কেজি জাটকা, ৫৮৬ পিছ বেহন্দি/ মশারি জাল, ১১,৯০,৩৪,০০০ পিস রেনু পোনা ও ২০ টি বোট আটক করা হয়।

৪। অবৈধ অনুপ্রবেশ রোধ। মিয়ানমারের বর্ডার গার্ড পুলিশ ও রোহিঙ্গাদের মধ্যে সৃষ্ট অস্থিরতার প্রেক্ষিতে বাংলাদেশ কোস্ট গার্ড বাহিনীর স্টেশন টেকনাফ, সেন্টমার্টিন্স ও আউটপোস্ট বাহারছড়া ও শাহপুরীতে অতিরিক্ত জনবল মোতায়েন রয়েছে। পাশাপাশি উক্ত স্থানসমূহে সর্বোচ্চ প্রযুক্তি অবলম্বনের মাধ্যমে সার্বক্ষণিক বিশেষ টহল চলমান রয়েছে। এছাড়াও, কোস্ট গার্ড বাহিনী বহরে সংযোজিত লিডার ক্লাস অফশোর পেট্রোল ভেসেল (ওপিভি) সমূহ এ কার্যক্রমে নিয়োজিত রয়েছে। কোস্ট গার্ড বাহিনী দায়িত্বপূর্ণ এলাকায় টহল জোরদার করেছে এবং উক্ত এলাকায় অবৈধ অনুপ্রবেশকারীদের গতিবিধির উপর কঠোর নজরদারি বজায় রেখে অবৈধ অনুপ্রবেশ রোধ করা হচ্ছে। মে ২০১৯ মাসে অত্র বাহিনী কর্তৃক অবৈধভাবে বাংলাদেশে অনুপ্রবেশকালে কোন ব্যক্তিকে আটক/ ফেরত পাঠানো হয়নি।

৫। বোট সহায়তা গত ৩১ মে ২০১৯ গজারিয়া থেকে যাত্রী বহন করে মুন্সিগঞ্জ যাওয়ার পথে নারায়ণগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলার চর হোগলা বালুর ঘাট এলাকায় একটি স্টীল বডি বোটের সাথে অন্য একটি বোটের সংঘর্ষ হয় এবং বোটটির ৪৫ জন যাত্রী পানিতে পড়ে যায়। তৎক্ষণাৎ বিসিজি স্টেশন গজারিয়া উদ্ধার অভিযান পরিচালনা করে ০২ জনকে জীবিত উদ্ধার করে এবং বাকী ৪৩ জন যাত্রী সাঁতার কেটে তীরে উঠতে সক্ষম হয়।

৬। অবৈধভাবে সমুদ্রসীমা অতিক্রমকারী বিদেশী নাগরিক/মৎস্যজীবীদের পরিসংখ্যান। গত ১৩, ১৭ ও ৩০ মে ২০১৯ বাংলাদেশ হতে অবৈধভাবে সমুদ্র পথে মালয়েশিয়া গমনকালে সেন্টমার্টিন্স দ্বীপের দক্ষিণে হেঁড়া দ্বীপ ও উথিয়া থানার ইনানী সি বিচ এলাকা থেকে ০৭ জন পাচারকারী এবং নারী, পুরুষ ও শিশুসহ সর্বমোট ৯২ জন (৪৮ জন নারী, ৩০ পুরুষ ও ১৪ শিশু) রোহিঙ্গাকে আটক করা হয়েছে।